কালের কণ্ঠ

তারিখ ... 5 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

সংবাদ সম্মেলন

# আট দফা দাবি প্রাথমিকের শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক ▷

প্রধান শিক্ষকদের নিচের ধাপে সহকারী শিক্ষকদের বেতন স্কেল, জাতীয়করণকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সহকারী হিসেবে পদায়ন করে পদোন্নতির জ্যেষ্ঠতা নির্ধারণসহ আট দফা দাবি জানিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা।

গতকাল শুক্রবার রাজধানীর ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানায় বাংলাদেশ প্রাথমিক সরকারি শিক্ষক সমাজ।

অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে চলতি দায়িত্ব প্রদানের স্থগিত আদেশ প্রত্যাহার করে অনতিবিলম্বে তা চালু করা, সমন্বিত গ্রেডেশন তালিকা তৈরি বন্ধ করা, পদোন্নতির শূন্য তালিকায় জাতীয়করণকৃত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সব শূন্য পদ অন্তর্ভুক্ত ও প্রধান শিক্ষকের শূন্য পদে শতভাগ পদোন্নতি।

সংবাদ সম্মেলনে দাবি বাস্তবায়নে সরকারকে ৩০ অক্টোবর পর্যন্ত সময় বেঁধে দেন নেতারা। নির্ধারিত সময়ের মধ্যে দাবি বাস্তবায়িত না হলে ১ নভেম্বর থেকে সহকারী শিক্ষকরা পরীক্ষা বর্জনসহ একটানা কর্মবিরতি পালন করবেন বলে জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সিনিয়র সহসভাপতি জহিরুল ইসলাম জাফর, সিনিয়র যুগ্ম সম্পাদক নাজমুল আরেফিন মিলন, মো. রফিকুল ইসলাম, এহসানুল হক মিলন, কামরুন নাহার মুন্নি প্রমুখ।